গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১২.০০৭.০৭.০০৫.২৫-

তারিখ: শ্রাবণ ১৪৩২
জুলাই ২০২৫

**দফাদার পদে পদোন্নতির বিজ্ঞপ্তি**

বীরগঞ্জ উপজেলাধীন ৫ নং সুজালপুর ইউনিয়ন পরিষদে কর্মরত মহল্লাদারদের মধ্য হতে ০১ জন দফাদার পদে পদোন্নতির নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের সংখ্যা | আর্থিক সুবিধা |
|---|---|---|---|
| ০১ | ৫ নং সুজালপুর | ০১ টি | মাসিক মোট বেতন=৮,০০০/- (সরকারি অংশ ৫০% ও ইউপি অংশ ৫০%) এছাড়া সরকার ঘোষিত প্রাপ্য সকল সুবিধাদি। |

**শর্তাবলী:**

১. প্রার্থীকে নির্ধারিত নমুনা অনুসরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর বরাবরে স্বহস্তে লিখিত আবেদন দাখিল করতে হবে (নমুনা আবেদনপত্র এ বিজ্ঞপ্তির শেষে দেয়া হলো)।

২. আগামী ২৮/০৭/২০২৫ খ্রি. হতে ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আবেদন দাখিল করা যাবে। তবে ডাকযোগে প্রেরিত কোন আবেদন ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখের পর পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে।

৩. এক ইউনিয়ন হতে অন্য ইউনিয়নে দফাদার পদে আবেদন করতে পারবে না।

৪. আবেদনের সাথে ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, জন্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, মহল্লাদার পদে নিয়োগের নিয়োগপত্রের সত্যায়িত ফটোকপি এবং ১০ (দশ) টাকার ডাকটিকিটসহ একটি ফেরত খাম দাখিল করতে হবে।

৫. সংশ্লিষ্ট সরকারি বিধি বিধানের আলোকে এ পদোন্নতি কার্যক্রম পরিচালিত হবে।

৬. মহল্লাদার পদে অন্যূন ০৭ (সাত) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে।

৭. এ পদোন্নতির ক্ষেত্রে, এ বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোন বিষয়ের ক্ষেত্রে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ মে ২০১৫ খ্রি. তারিখে জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী এবং সরকার কর্তৃক জারীকৃত এবং বর্তমানে বলবৎ আছে এমন অন্যান্য বিধানাবলী অনুসরণ করা হবে।

স্বাক্ষরিত/-
(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১২.০০৭.০৭.০০৫.২৫-১৬১৬(৭)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২
২৮ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। অফিসার ইনচার্জ, বীরগঞ্জ থানা, দিনাজপুর।
৫। চেয়ারম্যান, ৫ নং সুজালপুর ইউনিয়ন পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নে কর্মরত সকল মহল্লাদারকে অবহিত করে এ সংক্রান্ত একটি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৬। উপজেলা আইসিটি কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। নোটিশ বোর্ড।
৮। অফিস কপি।

২৮.৭.২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd

<u>আবেদনের নমুনা</u>

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।

**বিষয় : দফাদার পদে পদোন্নতির জন্য আবেদন।**

মহোদয়,
আপনার কার্যালয় হতে ..................... খ্রি. তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি মারফত জানতে পারলাম যে, বীরগঞ্জ উপজেলাধীন ৫ নং সুজালপুর ইউনিয়নে মহল্লাদারদের মধ্য হতে দফাদার পদে একজনকে পদোন্নতি প্রদান করা হবে। উক্ত পদের জন্য আমি একজন প্রার্থী। নিম্নে আমার ব্যক্তিগত এবং যোগ্যতা সম্পর্কিত তথ্যাবলী প্রদান করলামঃ

১. প্রার্থীর নাম (বাংলায়): ..........
(ইংরেজীতে) : ..........
২. লিঙ্গ: ..........
৩. পিতার নাম: ..........
৪. মাতার নাম: ..........
৫. স্থায়ী ঠিকানা: গ্রাম.................... ইউনিয়ন.................................. ওয়ার্ড নং ..................................
উপজেলা ............................................ জেলা ..........
৬. বর্তমান ঠিকানা: গ্রাম ....................ইউনিয়ন ....................................ওয়ার্ড নং ................................
উপজেলা ........................................... জেলা ..........
৭. (ক) জন্ম তারিখ: ..........
(খ) ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখে বয়স: ...................... বছর ...................... মাস .................... দিন।
৮. জাতীয়তা: ..........
৯. ধর্ম ..........
১০. বৈবাহিক অবস্থা: ..........
১১. শিক্ষাগত যোগ্যতা: ..........
১২. শারীরিক যোগ্যতা: (ক) উচ্চতা: ..................................... (খ) ওজন: ..........
(গ) বুকের মাপ: স্বাভাবিক অবস্থায় .................................. সম্প্রসারিত অবস্থায় ..........
১৩. মহল্লাদার পদে যোগদানের তারিখ:.............................. খ্রি.।

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য। আমার প্রদত্ত কোন তথ্যে কোন প্রকার গড়মিল পাওয়া গেলে বা মিথ্যা প্রমানিত হলে আমার আবেদন বাতিল বলে গন্য হবে এবং আমার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকব।

<u>আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও মোবাইল নং</u>